

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩১২

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮

৩০ সেপ্টেম্বর ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। আবহাওয়ার সতর্কবার্তা:

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সতর্ক সংকেতও দেখাতে হবে না।

২। আজ ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি বর্তমানে বাড়ছে এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। গুজরাট এলাকায় অবস্থানরত অপর সুস্পষ্ট লঘুচাপটি ঘনীভূত হয়ে নিম্নচাপ আকারে উত্তর-পূর্ব আরব সাগর এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ গুজরাট, রাজস্থান, উত্তর প্রদেশ, সুস্পষ্ট লঘুচাপের কেন্দ্রস্থল, পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় বিরাজ করছে।

পূর্বাভাসঃ খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, রংপুর, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা (১-২) ডিগ্রী বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): এই সময়ের শেষের দিকে বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩২.০	৩১.৭	৩৩.০	৩৪.৭	৩১.৫	৩৩.২	২৯.৬	৩১.১
সর্বনিম্ন তাপমাত্রা	২৪.২	২৬.২	২৪.০	২৪.৭	২৫.০	২৪.৪	২৪.০	২৪.৮

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সিলেট ৩৪.৭° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সীতাকুন্ড ও খুলনা ২৪.০° সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস:

- ব্রহ্মপুত্র-যমুনা ও আপার মেঘনা অববাহিকার নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে, যা আগামী ২৪ ঘণ্টায় হ্রাস পেতে পারে।

৪ (ক)। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০৯	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	২১	গেজ পাঠ পাওয়া যায়নি	০
হ্রাস	৮৫	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০৩	বিপদ সীমার উপরে	০

৫। বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘণ্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

স্টেশন	বৃষ্টিপাত(মিমি.)	স্টেশন	বৃষ্টিপাত (মিমি.)
খুলনা	৬০.০	হরিদাসপুর	২৮.০

গত ২৪ ঘণ্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

স্টেশন	বৃষ্টিপাত (মিমি.)	স্টেশন	বৃষ্টিপাত (মিমি.)
আগরতলা	৬৫.০	চেরাপুঞ্জি	২৯.০

৬। অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৮ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ২৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১০ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৩	০	০
২।	সিলেট	১	০	০
৩।	রাজশাহী	২	০	০
৪।	রংপুর	১	০	০
৫।	চট্টগ্রাম	১	০	০
৬।	খুলনা	২	০	০
	মোট	১০	০	০

৭। ট্রলার ডুবি/ নৌকা ডুবিঃ

৭(ক) বরগুনাঃ জেলা প্রশাসক, বরগুনা এর ২৯/০৯/২০২১খ্রিঃ তারিখের ৪৩৭ নং পত্রের মাধ্যমে জানা যায় যে, ২৮ সেপ্টেম্বর, ২০২১ তারিখ পাথরঘাটা উপজেলার পাথরঘাটা সদর ও চরদুয়ানী ইউনিয়নের কিছু সংখ্যক জেলে সাগরে মাছ ধরতে গেলে বিষখালী এবং বলেশ্বর নদী সংলগ্ন মোহনায় পৃথক ০২ (দুই) টি ট্রলার ডুবির ঘটনায় ০৪ (চার) জন জেলের নিহতের তথ্য পাওয়া যায়। নিহতদের তথ্য নিম্নরূপঃ

ক্রঃ নং	নিহতের নাম ও ঠিকানা	মানবিক সহায়তা	মন্তব্য
১	নাম- মোঃ ইব্রাহিম (৩২), পিতা- হোচেন, গ্রাম- চরলাঠীমারা, ইউনিয়ন- পাথরঘাটা সদর, পাথরঘাটা, বরগুনা।	২৫,০০০/-	
২	নাম- মোঃ মনির (৩০), পিতা- তোতা মিয়া, গ্রাম- পূব বাদুরতলা, ইউনিয়ন- পাথরঘাটা সদর, পাথরঘাটা, বরগুনা।	২৫,০০০/-	
৩	নাম- মোঃ সরোয়ার (৩০), পিতা- কুদ্দুস, গ্রাম- পশ্চিম বাদুরতলা, ইউনিয়ন- পাথরঘাটা সদর, পাথরঘাটা, বরগুনা।	২৫,০০০/-	
৪	নাম- মোঃ রুহুল আমীন খান (৫০), পিতা- ইসাহাক আলী খান, গ্রাম- দক্ষিণ চরদুয়ানী, ইউনিয়ন- চরদুয়ানী সদর, পাথরঘাটা, বরগুনা।	২৫,০০০/-	

৭(খ) চাঁপাইনবাবগঞ্জঃ জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর ২৯/০৯/২০২১খ্রিঃ তারিখের ২৮৫ নং পত্রের মাধ্যমে জানা যায় যে, ২৯ সেপ্টেম্বর, ২০২১ তারিখ দুপুর ২.০০ টায় চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার পঁাকা ইউনিয়নের লক্ষ্মীপুর নামক স্থানে পদ্মা নদীতে নৌকা ডুবিতে নিহত ব্যক্তির তথ্য নিম্নরূপঃ

ক্রঃ নং	নিহতের নাম ও ঠিকানা	মন্তব্য
১	নাম- নিলুফা (৫০), স্বামী- মোঃ খাইরুল ইসলাম, গ্রাম- বিশরশিয়া, ইউনিয়ন- পঁাকা, উপজেলা- শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।	চাঁপাইনবাবগঞ্জ জেলাধীন শিবগঞ্জ উপজেলার পঁাকা ইউনিয়নের দশরশিয়া যাবার পথে লক্ষ্মীপুর নামক স্থানে দুপুর ২.০০ টায় প্রায় ৫০ জন যাত্রীসহ একটি নৌকা ডুবে যায়। নৌকা ডুবিতে এ পর্যন্ত ০২ জনের লাশ পাওয়া গেছে। নিহত নিলুফার স্বামী মোঃ খাইরুল ইসলামসহ প্রায় ৭/৮ জন নিখোঁজ রয়েছেন মর্মে জানা যায়। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর ১ টি টিম উদ্ধার কার্যক্রম অব্যাহত রেখেছে।
২	নাম- মায়শা খাতুন (৫), পিতা- বাবু, গ্রাম- বিশরশিয়া, ইউনিয়ন- পঁাকা, উপজেলা- শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।	

৮ (ক)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণঃ

ক্রঃ নং	ত্রাণ কার্যক্রমের নাম	বরাদ্দের পরিমাণ		
		চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ৩০/০৯/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত)	বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত	মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত)
১	২	৩	৪	৫ (৩+৪)

১	৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা	-	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা
২	ত্রাণ কার্য (নগদ অর্থ)	৩৯,৩৮,৮৯,০০০/- (উনচল্লিশ কোটি আটত্রিশ লক্ষ উননব্বই হাজার) টাকা	১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পঁচাত্তর এগার) টাকা	১০৫০,৫২,২১,৫১১/- (এক হাজার পঁঞ্চাশ কোটি বায়ান্ন লক্ষ একুশ হাজার পঁচাত্তর এগারো) টাকা
৩	চাল	১,৬১,৮৭২.৫১ (এক লক্ষ একষট্টি হাজার আটশত বাহাত্তর দশমিক পাঁচ এক) মে: টন	৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ) মেঃ টন	৬,০৬,৪১৪.৫১ (ছয় লক্ষ ছয় হাজার চারশত চৌদ্দ দশমিক পাঁচ এক) মে: টন
৪	শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম]	৩২,৫০০ (বত্রিশ হাজার পঁচাত্তর) প্যাকেট	৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট	৭,২০,২০০ (সাত লক্ষ বিশ হাজার দুইশত) প্যাকেট
৫	ঢেউটিন	১,৩০০ বান্ডিল	৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল	৩৩,১০০ (তেত্রিশ হাজার একশত) বান্ডিল
৬	গৃহ নির্মাণ মঞ্জুরী	৩৯,০০,০০০/- টাকা	৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা	৯,৯৩,০০,০০০/- (নয় কোটি তিরানব্বই লক্ষ) টাকা
৭।	সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী	৭০০ কার্টুন	-	৭০০ কার্টুন

৮ (খ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (২৯/০৯/২০২১ তারিখ পর্যন্ত):

ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা	সকল জেলা (পৌরসভাসহ)	সকল সিটি করপোরেশন	সর্বমোট
-----------------------------	---------------------	-------------------	---------

উপকারভোগী পরিবার সংখ্যা	৩,০০,৩০৯ টি	১২,৩০৪ টি	৩,১২,৬১৩ টি
উপকারভোগী লোক সংখ্যা	১৫,০৯,০৮৭ জন	৫৯,৮৯৭ জন	১৫,৬৮,৯৮৪ জন

৯। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।



৩০-৯-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩১২/১(১৭১)

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮

৩০ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



৩০-৯-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা